ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১১৩৯

আগরতলা, ১১ জুন , ২০২৫

**রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রে সফল অস্ত্রোপচারে সম্পূর্ণ সুস্থ হয়ে উঠলেন পাঁচ বছরের মায়াঙ্ক**



রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা পরিষেবা লাভ করে সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠলো পাঁচ বছরের মায়াংক। খোয়াই জেলার অধীন তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের অন্তর্গত মোহরছড়া গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দা রেশ্মী দাস এর পাঁচ বছরের পুত্র মায়াংক দেবনাথ জন্ম থেকেই দুর্বল ছিল। সে শ্বাসকষ্টজনিত সমস্যায় ভুগছিল। গত ২০ নভেম্বর ২০২৪ তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ অলক দেবনাথ ও ডাঃ শঙ্ঘমিত্রা দাস রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের এক স্ক্রিনিং কর্মসূচিতে মায়াঙ্কের হৃদযন্ত্রে সমস্যার ব্যাপারে আঁচ করেন। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসকগণ শিশুটির অভিভাবককে উন্নত চিকিৎসার ব্যাপারেপরামর্শ দেন। কিন্তু মায়াংকের মায়ের আর্থিক অবস্থা দুর্বল থাকায় তার মায়ের একারপক্ষে উন্নত চিকিৎসার ব্যয় ভার বহন করা সম্ভব ছিল না। এই অবস্থায় মায়াংকের মা-কে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে উন্নত চিকিৎসার সুযোগ গ্রহণের কথা বলা হয়। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসকগণ শিশুটিকে আগরতলা আইজিএম হাসপাতালে রেফার করেন। আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক গত ৬ জানুয়ারি ২০২৫ মায়াঙ্ক দেবনাথ এর হৃদযন্ত্রে ইকোকার্ডিওগ্রাফি পরীক্ষা করেন। এই ইকোকার্ডিওগ্রাফি রিপোর্টের ভিত্তিতেই চিকিৎসক জানান যে মায়াঙ্কের হৃদযন্ত্রে সমস্যা রয়েছে।এই হৃদযন্ত্রের সমস্যার চিকিৎসা বেসরকারি হাসপাতালে অনেক ব্যয় সাপেক্ষ। কিন্তু রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে হৃদযন্ত্রে এই ধরনের ব্যয়বহুল চিকিৎসা পরিষেবা বহির্রাজ্যের বেসরকারি হাসপাতালে এখন বিনামূল্যেই করা হয়ে থাকে। তাই মায়াঙ্ক দেবনাথকে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসকদের উদ্যোগে গত ২ মে ২০২৫ অ্যাপোলো চিলড্রেন হাসপাতাল, চেন্নাই-এপাঠানো হয়। সেখানে গত ৭ মে ২০২৫ অ্যাপোলো চিলড্রেন হাসপাতালের হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ সি এস মুক্তকুমারম-এর তত্ত্বাবধানে মায়াঙ্কের হৃদযন্ত্রে সফল অস্ত্রপ্রচার করেন। আর এই অস্ত্রপচারের ফলেই মায়াঙ্ক সুস্থ হয়ে উঠেছে। এরপর অ্যাপোলো চিলড্রেন হাসপাতালের হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসকগণ গত ১১ মে ২০২৫ মায়াঙ্ককে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। কয়েকদিন পরই মায়াঙ্ক সম্পূর্ণ সুস্থ হয়ে রাজ্যে ফিরে আসে। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের সম্পূর্ণ বিনামূল্যে অস্ত্রপচারের ফলে মায়াঙ্ক সুস্থ হয়ে উঠায় তার মা রেশ্মী দাস ও পরিবারের অন্যান্যরা খুবই আপ্লুত। পাশাপাশি তেলিয়ামুড়া রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক সহ সমস্ত স্বাস্থ্যকর্মীদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

*******